JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডের আধুনিকিকরণে সহায়তা করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডকে পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে রূপান্তর করতে এবং সহণশীলতা উন্নত করতে এবং সেই সাথে শক্তির ব্যবহার এবং খরচগুলি হ্রাস করার জন্য স্টেট প্রস্তাব চাইছে

গভর্নর কুওমোর সবুজ নতুন চুক্তি (Green New Deal) সমর্থন করে - যা হল দেশের শীর্ষ একটি পরিচ্ছন্ন শক্তি ও কর্মসংস্থান এজেন্ডা যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার পথে নিয়ে যাবে আবহাওয়া পরিবর্তন বদল করার জন্য

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডের সাথে পুনর্নবীকরণযোগ্য শক্তির উত্সগুলির একীকরণ এবং সেগুলির স্থিতিশীলতা ও নমনীয়তা উন্নত করার জন্য প্রকল্পগুলিকে সহায়তা প্রদান করার জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার অবধি দেওয়ার কথা ঘোষণা করেছেন। প্রকল্পের প্রস্তাবগুলি কিভাবে সামগ্রিক গ্রিডের কর্মক্ষমতা উন্নত করবে, শক্তির খরচ কমাবে এবং আবহাওয়া পরিবর্তনের মোকাবিলা করার জন্য স্টেটের জাতীয়-নেতৃস্থানীয় পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যগুলিকে সহায়তা প্রদান করবে তার উপর ভিত্তি করে মূল্যায়ন করা হবে। গ্রিডের আধুনিকায়ন 2030 সালের মধ্যে 70 শতাংশ পুনর্নবীকরণযোগ্য বিদ্যুতের জন্য গভর্নরের প্রস্তাবিত সরকারি আদেশ এবং গ্রিন নিউ ডিলের অংশ হিসাবে 2040 সালের মধ্যে স্টেটটি কার্বন-মুক্ত পাওয়ার গ্রিডে রূপান্তরিত করার লক্ষ্য সমর্থন করে।

"আবহাওয়া পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের একটি গুরুত্বপূর্ণ উপাদান হল আমাদের বৈদ্যুতিক গ্রিডে বুদ্ধিদিপ্ত এবং দক্ষ বিনিয়োগ করা", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের গ্রিড আধুনিকীকরণের ফলে আরো নিউ ইয়র্কবাসীদের জন্য আরও নির্ভরযোগ্য ও সাশ্রয়ী ব্যবস্থার মাধ্যমে স্থায়ী সুবিধা প্রদান করা সম্ভব হবে, এবং তার সাথে চরম আবহাওয়া সংক্রান্ত ঘটনার ক্ষেত্রে সহনশীলতা বৃদ্ধি করা এবং আমাদের সিস্টেমে আরও পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস যোগ করা হবে।"

"নিউ ইয়র্ক সবুজ প্রযুক্তি সমর্থন করে এবং আমাদের শক্তির পরিকাঠামো উন্নয়ন করে আবহাওয়া পরিবর্তনের প্রভাব মোকাবিলায় জাতিকে নেতৃত্ব প্রদান করছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমাদের বৈদ্যুতিক গ্রিডের ভবিষ্যতে বিনিয়োগ করে, আমরা সবুজ নিউ ডিলের অংশ হিসাবে নতুন কর্মসংস্থান সৃষ্টি করছি এবং আমাদের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যগুলি অগ্রসর করছি।"

নিউইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) তার উচ্চ কর্মক্ষমতা সম্পন্ন গ্রিড

প্রোগ্রামের মাধ্যমে (High Performing Grid program) উদ্যোগ নিচ্ছে যা স্মার্ট গ্রিড প্রযুক্তির অগ্রগতির জন্য বৈদ্যুতিক গ্রিড প্রযুক্তি সংস্থা, নিউ ইয়র্কের ইউটিলিটি, বিশ্ববিদ্যালয় এবং গবেষকদের কাছ থেকে প্রস্তাব চাইছে। এই প্রযুক্তিগুলি পরিচ্ছন্ন শক্তি উৎপাদনের সংস্থানের সরবরাহকে বৈচিত্র্যপূর্ন করে, সামগ্রিক বৈদ্যুতিক গ্রিড কর্মক্ষমতা বাড়ায় এবং গ্রাহকদের তাদের শক্তির খরচ, শক্তির ব্যবহার এবং পরিবেশগত প্রভাবগুলি হ্রাস করতে সক্ষম করে। একটি দুই-ধাপের প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে, আবেদনকারীরা কনসেপ্ট পেপার জমা দেবে যা কঠোর মূল্যায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে। সেই মূল্যায়নগুলির উপর ভিত্তি করে, কিছু নির্বাচিত প্রকল্পের গ্রুপকে আরো মূল্যায়নের জন্য সম্পূর্ণ প্রস্তাব জমা দিতে আমন্ত্রণ জানানো হবে। পুরস্কারপ্রাপ্ত প্রকল্প অগ্রসর হবার জন্য অর্থায়ন লাভ করবে।

কনসেপ্ট পেপারগুলি ক্রমাগত পর্যালোচনা করা হবে এবং 18 নভেম্বর, 2020 অবধি গ্রহণ করা হবে অথবা যতক্ষণ না অর্থ শেষ হয়ে যাবে। প্রস্তাবের অনুরোধগুলিতে পাঁচটি বিভাগের মধ্যে একটি থাকবে: প্রযুক্তিগত সম্ভাব্যতা অধ্যয়ন, ইঞ্জিনিয়ারিং অধ্যয়ন, পণ্য উন্নয়ন, এবং প্রদর্শনের প্রকল্প। প্রস্তাবগুলিতে এমন সমাধান অন্তর্ভুক্ত হওয়া উচিত যা গ্রিডে পরিচ্ছন্ন শক্তি সংস্থানগুলিকে সংযুক্ত করতে সহায়তা করবে; উদ্ভাবনী তথ্য বিশ্লেষণ উন্নয়ন করবে; উন্নত পরিকল্পনা, পরিচালনা, এবং পূর্বাভাসের সরঞ্জামসমূহ; অথবা আধুনিক গ্রিডের জন্য সাইবারসিকিউরিটি সমাধান তৈরি করবে এবং 2030 সালের মধ্যে পুনর্নবীকরণযোগ্য শক্তির উত্স থেকে 70 শতাংশ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে অগ্রসর করবে, যার মধ্যে রয়েছে স্টেটের লক্ষ্যগুলি অগ্রসর করার সেরা পন্থা চয়ন।

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেছেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য একটি আধুনিক বিদ্যুৎ গ্রিডের প্রয়োজন যা 2040 সালের মধ্যে গভর্নর কুওমোর জাতির 100% কার্বন-মুক্ত বিদ্যুৎ ব্যবস্থার জন্য নেতৃস্থানীয় কল্পদৃষ্টি প্রদান করতে সক্ষম হবে। এই NYSERDA অর্থায়ন স্মার্ট গ্রিড প্রযুক্তি এবং সমাধানগুলির উন্নয়ন, পাইলট এবং পরীক্ষা করার জন্য উদ্ভাবনী সরকারী-বেসরকারী অংশীদারিত্বের স্থাপন সমর্থন করবে যা সম্পূর্ণরূপে কার্বনরোহিত বিদ্যুৎ ব্যবস্থার প্রতি আমাদের গতি বাড়িয়ে তুলবে।"

2016 সাল থেকে, NYSERDA সৌর আন্তঃসংযোগের ক্ষেত্রে বিশ্লেষণ করতে সহায়তা করে এবং শক্তির স্টোরেজ, ডিজিটাল সমাধান এবং উন্নত সেন্সর অ্যাপ্লিকেশনগুলির একীকরণের মধ্যে দিয়ে স্মার্ট গ্রিড প্রযুক্তির মাধ্যমে নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডের অগ্রগতির উপর 34টি চুক্তির মাধ্যমে প্রায় 17 মিলিয়ন ডলার প্রদান করেছে। নিউ ইয়র্কের ইলেকট্রিক গ্রিডে পরিচ্ছন্ন বিতরিত শক্তির উত্স সংযোগ করার সময় প্রযুক্তিগত চ্যালেঞ্জগুলি সমাধানের জন্য বৈদ্যুতিক শক্তি গবেষণা ইনস্টিটিউট (Electric Power Research Institute, EPRI) এর নেতৃত্বে একটি প্রকল্প এর অন্তর্ভুক্ত। EPRI এর কাজ নিউ ইয়র্ক ইন্টারকানেকশন টেকনিকাল ওয়ার্কিং গ্রুপের (New York Interconnection Technical Working Group) কাছে উপলব্ধ করা হয়েছিল এবং নিউ ইয়র্ক জুড়ে নীতি এবং পদ্ধতিতে গৃহীত হয়েছিল। মোট, 110 মিলিয়ন মার্কিন ডলার 2022 সালের মধ্যে নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিড আধুনিকীকরণের উদ্দেশ্যে নিবেদিত। এই তহবিল সম্পর্কে আরও তথ্য NYSERDA এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, দেশের শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থান এজেন্ডা যা আগ্রাসীভাবে নিউ ইয়র্ক স্টেটকে কার্বন নিরপেক্ষ বিস্তৃত-অর্থনীতির পথে নিয়ে যাবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, পরিবেশ বান্ধব অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে 100 শতাংশ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। এই নতুন প্রস্তাবিত আদেশটির ভিত্তি হল 2030 সাল নাগাদ নিউ ইয়র্কের সফল ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডের 70 শতাংশ পুনর্ব্যবহারযোগ্য বিদ্যুতে উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসাবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে সারা স্টেটে 46টি বৃহৎ স্কেল নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: নিউইয়র্কের অফশোর বাতাসের লক্ষ্য চারগুণ করে 2035 সালের মধ্যে দেশের মধ্যে সর্বোচ্চ 9,000 মেগাওয়াট করা; সোলার নিয়োগ 2025 সালের মধ্যে দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া; 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় নিযুক্ত করা। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে।

ক্লিন এনার্জি ফান্ড (Clean Energy Fund, CEF) সম্পর্কে

10 বছরের 5.3 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন এনার্জি ফান্ড (CEF) নিউ ইয়র্ক স্টেটের এনার্জি ভিশন স্ট্র্যাটেজির এক মূল উপাদান, সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি পরিচ্ছন্ন, সহনশীল এবং সাশ্রয়ী শক্তির ব্যবস্থা অর্জনের জন্য। CEF এর মধ্যে রয়েছে এক নজর-কেন্দ্রীভূত প্রচেষ্টা যা আরো পরিচ্ছন্ন সুযোগ এবং সুবিধা প্রদান করতে চায় স্বল্প-থেকে-মধ্যম উপার্জনের সমাজ গুলিকে এবং নিউ ইয়র্ক স্টেটের পরিচ্ছন্ন শক্তির ব্যবহারকে ত্বরান্বিত করে এবং শক্তির ক্ষেত্রে উদ্ভাবনী উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়ন পরিচালনা করে মূল্য প্রদানকারীর সংগ্রহ হ্রাস করে। নিউ ইয়র্ক গ্রিন ব্যাংক, যা CEF এর মূল উপাদান, নিউ ইয়র্কে পরিচ্ছন্ন শক্তির লেনদেনে 637.6 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের ফলে 51.8 মিলিয়ন মার্কিন ডলারের ইতিবাচক নেট উপার্জন উৎপাদন করেছে। 2011 সাল থেকে সৌর নিয়োগের ক্ষেত্রে 1 বিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক-সান প্রচেষ্টা (NY-Sun initiative) ইতিমধ্যে 1,500 শতাংশ বৃদ্ধির সুবিধা পেতে সাহায্য করেছে। CEF নিউ ইয়র্কের ক্লিন এনার্জি স্ট্যান্ডার্ডে প্রস্তাবিত বৃদ্ধি সমর্থন করে, যা গভর্নর কুওমোর জাতীয়-নেতৃস্থানীয় সবুজ নিউ ডিলের অংশ হিসাবে 2030 সালের মধ্যে পুনর্নবীকরণযোগ্য শক্তির উত্স থেকে 70 শতাংশ বিদ্যুৎ সরবরাহ করতে চায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন